দৈনিক ইনকিলাব

তারিখ ........................

পৃষ্ঠা ........ কলাম ........

NOV. 18 2002

# চলতি অধিবেশনই জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিল পাস করা হোক

শতাব্দীর ঐতিহ্যে লালিত দেশের অন্যতম বৃহৎ শিক্ষা প্রতিষ্ঠান জগন্নাথ বিশ্ববিদ্যালয়। ১৮৮৪ সালে যে কলেজ মাত্র ৪৮ জন শিক্ষার্থী নিয়ে যাত্রা শুরু করেছিল। আজ সেখানে ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ৩০,০০০। ইতিহাসের অনেক বাঁক পেরিয়ে, ঘটনা-দুর্ঘটনার অনেক পথ মাড়িয়ে ঢাকার প্রাণকেন্দ্রে দণ্ডায়মান এ শিক্ষা প্রতিষ্ঠানটি আজ বিশ্ববিদ্যালয় হিসেবে স্বীকৃত। ১৯৯৫ সালের ২ নভেম্বর বর্তমান প্রধানমন্ত্রী একটি ফলক উন্মোচনের মধ্য দিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘোষণা করেছিলেন এবং তখনই ডঃ এম জুনাইদের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় কার্যক্রম শুরু করেন। কিন্তু এর কিছুদিন পরে দলীয় ক্ষমতার পটপরিবর্তন হলে আওয়ামী সরকার জগন্নাথ বিশ্ববিদ্যালয় বাস্তবায়নের সকল কার্যক্রম বন্ধ করে দেয়। গত জাতীয় নির্বাচনের আগে বর্তমান সরকারের কয়েকজন সিনিয়র মন্ত্রী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাস্তবায়ন করার প্রতিশ্রুতি দেন। নির্বাচনে বর্তমান সরকার বিপুল ভোট বিজয়ী হলে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিরাট আশার আলো দেখতে পায়। আমরা শিক্ষার্থীরা মনে করি যে সরকার বিশ্ববিদ্যালয় ঘোষণা করেছিল সে সরকারই এখন তা বাস্তবায়ন করবে।

এরই ধারাবাহিকতায় গত সংসদ অধিবেশনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিল পাস করার কথা থাকলেও সংসদীয় নানা সমস্যার কারণে বিলটি উত্থাপন করা সম্ভব হয়নি। অথচ আমরা শিক্ষার্থীরা জগন্নাথ বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন হবে এই আশায় দীর্ঘদিন প্রত্যাশা নিয়ে সরকারের দিকে চেয়ে রয়েছি। যেহেতু সরকার আমাদের আশ্বাস দিয়েছিলেন। তাই বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রীসহ সকল মন্ত্রীর কাছে আমাদের আকুল আবেদন, আমাদের দীর্ঘদিনের স্বপ্নকে বাস্তবায়নের মাধ্যমে আপনাদের দেয়া প্রতিশ্রুতি বাস্তবায়ন করুন।

চলতি সংসদ অধিবেশনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিল পাস করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে দেশের একটি অন্যতম স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয় হিসেবে মর্যাদা দিন। ছাত্রছাত্রীদের পক্ষে–

**মোহাম্মদ আব্দুল লতিফ**
সমাজবিজ্ঞান বিভাগ, জগন্নাথ
বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।